গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপ**জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

এবং

উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ২০২২- জুন ৩০, ২০২৩**

# সূচিপত্র


| বিষয় | | |
|---|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | |
| সেকশন ১ঃ | রূপকল্প, অভিলক্ষ্য , কর্মসম্পাদন ক্ষেত্র | |
| সেকশন ২ঃ | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | |
| সেকশন ৩ঃ | কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১ঃ | শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২ঃ | কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | |
| সংযোজনী ৩ঃ | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |
| সংযোজনী ৪ঃ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৫ঃ | ই-গভর্ন্যান্স  উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ | |
| সংযোজনী ৬ঃ | অভিযোগ  প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৭ঃ | সেবা প্রদান  প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ | |
| সংযোজনী ৮ঃ | তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা,২০২২-২৩ | |

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

এবং

উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া।

এর মধ্যে ২০২২ সালের জুলাই মাসের .................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমুহে সম্মত হলেন ঃ

# দপ্তর/সংস্থার এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Family Planning, Brahmanbaria District ).

**সাম্প্রতিক বছরসমূহের ( ৩ বছর) প্রধান অর্জন সমূহ:**

বাংলাদেশ একটি জনবহুল দেশ। স্বাধীনতা উত্তর জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কাজ করে যাচ্ছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার কমে এখন ১.৩৭% দাঁড়িয়েছে । বর্তমানে টিএফআর ২.৫ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৫৭.৭%(চট্টগ্রাম বিভাগ)। এছাড়া অপূর্ণ চাহিদার হার ১৮.০% (বিডিএইচএস-২০১৭) এবং ড্রপ আউট রেট ৩৭% । মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবার ব্যবস্থা করা হয়েছে। ফলে , মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারীর হার (৫৪% ) উন্নীত হয়েছে।
ব্রাহ্মণবাড়িয়া জেলায় বর্তমানে স্থায়ী ও দীর্ঘমেয়াদী (LAPM) পদ্ধতির অর্জন ১৭.৪ %। জেলার ৬৭ টি স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে অন্তত ৪৫ টি কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে জেলার প্রাতিষ্ঠানিক প্রসব সেবার হার ৫৪%।

**সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ ঃ**

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২৩% কিশোর-কিশোরী । আমাদের দেশের বাল্য বিবাহের হার এখানও ৫৯% এবং এর মধ্যে ২৮% দম্পতি ১৯ বছরে প্রথম সন্তানের মা হয়ে যাচ্ছে। দেখা গেছে, কিশোরী দম্পতিদের পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হারও কম। শিশু ও মাতৃ-মৃত্যুর একটা বড় কারণ এই কিশোরী মাতা। কাজেই আমাদের জন্য একটা বড় চ্যালেঞ্জ বাল্য বিবাহ রোধ, কিশোরী দম্পতিদের পদ্ধতির আওতায় নিয়ে আসা। পাশাপাশি ড্রপ আউট রেট , PPFP বৃদ্ধি করা ও আনমেট নিড কমিয়ে আনা ও বড় চ্যালেঞ্জ। প্রাতিষ্ঠানিক প্রসব সেবা বৃদ্ধি কল্পে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়ন, জনবলের ঘাটতি পূরণও জরুরী।
বর্ণিত চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করেই আমাদের ২০৩০ সনের মধ্যে SDG অর্জনে সচেষ্ট থাকতে হবে।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

- বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া অব্যাহত রাখা ও জোরদারকরণ ;
- মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে ব্রাহ্মণবাড়িয়ায় প্রতিমাসে ২৪০ (দুইশত চল্লিশ) টি স্যাটেলাইট ক্লিনিক আয়োজন করা হচ্ছে। ইমারজেন্সী অবসট্রেটিক কেয়ার (ইওসি) সহ মোট ০২ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ০৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এমসিএইচ-এফপি ইউনিট এবং ৬৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। তন্মধ্যে ৩৪ টি ২৪/৭ ঘন্টা ডেলিভারীসহ পরিবার পরিকল্পনা, মা ও শিশু এবং প্রজনন স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও সেবা প্রাপ্তি নিশ্চিত করা ;
    - স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের অবকাঠামো ও সেবার পরিমাণ ও গুণগতমান উন্নয়নে একটি চেকলিষ্ট অনুসরণ করে প্রতি কেন্দ্র উন্নয়নে পদক্ষেপ নেয়া হয়েছে।
- জেলায় যেসব উপজেলায় মেডিক্যাল অফিসার নেই সে সমস্ত এলাকায় মেরী স্টোপস ক্লিনিক সোসাইটির Roving Team-এর মাধ্যমে তাদের নিজস্ব জনবল ও যানবাহনের সাহায্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদান নিশ্চিত করা ;
-
    - প্রতিটি কেন্দ্রকে কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা কেন্দ্রে উন্নীত করা।
    - করোনাকালে স্বাস্থ্য বিধি বজায় রেখে সকল সেবা কার্যক্রম চালু রাখা।
    - EDD রেজিষ্টার অনুসরণ করে প্রসব সেবা গ্রহণে মোবাইল ফোনে উদ্বুদ্ধ মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহে প্রসব সেবা বৃদ্ধিকল্পে পদক্ষেপ গ্রহণ।
- নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও জন্মবিরতিকরণ বিষয়ে উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা ;
- ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চিত্র, ইত্যাদি প্রচার ও প্রদর্শন করা ;
- পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য মাঠপর্যায়ে একটি কার্যকরী মনিটরিং ও সুপারভিশন ব্যবস্থা গড়ে তোলা হবে।

**ব্রাহ্মণবাড়িয়া জেলায় *২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- টিএফআর ২.৫ হতে ২.০৫ এ নামিয়ে আনা।
- পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৫৪% থেকে ৬৩% এ উন্নীত করা।
- অপূর্ণ চাহিদার হার ১৮% হতে ১২%এ কমিয়ে আনা।
- ড্রপ আউট রেট ৩৭.% হতে ২০% এ কমে কমিয়ে আনা।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহীতার হার ২০% এ উন্নীত করা।

- শিশুমৃত্যু হার (প্রতি হাজারে) ৩৮ জন হতে ৩১ জনে হ্রাস করা।
- মাতৃমৃত্যু (প্রতি লক্ষে) ১৭০ জন হতে ১২১ (প্রতি লক্ষে) জনের নিচে হ্রাস করা। ***তথ্য সূত্র :** (বিডিএইচএস- ২০১৭-১৮)

## সেকশন ১

### উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়ার রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision) ঃ**
পরিকল্পিত পরিবার, সমৃদ্ধ বাংলাদেশ।

**১.২** অভিলক্ষ্য **(Mission)** ঃ
বাংলাদেশের জনসংখ্যাকে পরিকল্পিতভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে সুস্থ্য, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

**১.৩** কৌশলগত উদ্দেশ্যসমূহ **(Strategic objectives)** ঃ

**১.৩.১ পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া জেলায় কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস করা ও প্রতিস্থাপনযোগ্য জন উর্বরতা অর্জন করা
২. মা, নবজাতক শিশুস্বাস্থ্য, কিশোর কিশোরী সেবা নিশ্চিত করা
৩. জনগণের দোরগোড়ায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা পৌছানো
৪. মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম শক্তিশালীকরণ
৫. তথ্য ব্যবস্থাপনা উন্নয়ন
৬. পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ
৭. জন্মনিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা
৮. আর্থিক ব্যবস্থাপনায় সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলিঃ (Functions)**

১. পরিবার পরিকল্পনাসহ প্রজনন স্বাস্থ্যসেবা সহজলভ্য করে সক্ষম দম্পতিদের কাছে পদ্ধতির প্রাপ্যতা নিশ্চিত করা;
২. সকল সক্ষম দম্পতি বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বাড়ি বাড়ি সেবা ব্যবস্থা অব্যাহত রাখা এবং মাঠ পর্যায় হতে রেফারেল ব্যবস্থা নিশ্চিত করা। এছাড়া ই-প্রজনন সেবা প্রচলন করা;
৩. অবহিতকরণ ও স্বেচ্ছায় সম্মতির ভিত্তিতে সকল সক্ষম দম্পতিকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উৎসাহ প্রদান করা;
৪. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্য ও সেবার অপূর্ণ চাহিদা সম্বলিত দম্পতিদের চিহ্নিত করে সেবা প্রদান নিশ্চিত করা;
৫. নব-দম্পতি, কিশোর-কিশোরী ও এক বা দুই সন্তানের দম্পতিদের অগ্রাধিকার ভিত্তিতে পরিবার পরিকল্পনা সেবার আওতায় নিয়ে আসা;
৬. বিদ্যমান জেলা, উপজেলা, ইউনিয়ন ও কমিউনিটি পর্যায়ে অবস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেবা কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সেবা নিশ্চিত করা;
৭. বেসরকারী ও ব্যক্তি খাতের অংশগ্রহণের মাধ্যমে গ্রহীতা সেবা নিশ্চিত করা;
৮. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দিবা-রাত্রি সেবা নিশ্চিত করা।

সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থাসমূহের নাম উপাত্তসূত্র | উপাত্তসূত্র [source(s) of data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ | ২০২১-২২ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৫ বছরের কমবয়সী শিশু মৃত্যু হার হ্রাস | ৫ বছরের কমবয়সী শিশু মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ৪৫ | ৪৫ | ৩৪ | ৩৪ | ৩০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭-১৮, (জাতীয়) |
| নবজাতকের মৃত্যু হার হ্রাস | নবজাতকের মৃত্যু হার হ্রাস | প্রতি হাজারে | ৩০ | ৩০ | ১৮ | ১৮ | ১৬ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭-১৮, SVRS-2018, (জাতীয়) |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষে | ১৫৯ | ১৫৯ | ১২১ | ১২১ | ১০৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭-১৮, (জাতীয়) |
| মোট প্রজনন হার (টিএফআর) হ্রাস | মোট প্রজনন হার (টিএফআর) | প্রতি মহিলা | ২.৩ | ২.৩ | ২.০ | ২.০ | ২.০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭ , (চট্টগ্রাম বিভাগ) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার | পদ্ধতি ব্যবহারকারীর হার | প্রতি শতকে | ৫৩.৭ | ৫৩.৭ | ৭৫% | ৭৫% | ৭৫% | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭ , (চট্টগ্রাম বিভাগ) |
| অপূর্ণ চাহিদা হ্রাস | চাহিদার হার | প্রতি শতকে | ১৮ | ১৮ | ১২% | ০৮% | ৫% | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭-১৮, FP 2020 targets, (চট্টগ্রাম বিভাগ) |
| ড্রপ আউট হ্রাস | ড্রপ আউট হার | প্রতি শতকে | ৩৭ | ৩৭ | ২০% | ২০% | ১৫% | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | বিডিএইচএস ২০১৭-১৮, |

আমি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর ব্রাহ্মণবাড়িয়া, হিসেবে উপ পরিচালক, পরিবার পরিকল্পনা ,ব্রাহ্মণবাড়িয়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্নিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপ পরিচালক, পরিবার পরিকল্পনা , ব্রাহ্মণবাড়িয়া হিসেবে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্নিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

..............................................

, তারিখঃ জুন, ২০২২ খ্রিঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

..............................................

তারিখঃ জুন, ২০২২ খ্রিঃ

উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, ব্রাহ্মণবাড়িয়া।

সংযোজনী-১

# Acronyms (শব্দসংক্ষেপ)

| | | |
|---|---|---|
| ANC | : | Ante Natal care |
| CPR | : | Contraceptive Prevalence Rate |
| DGPP | : | Directorate General of Family Planning |
| IEC | : | Information, Education & Communication |
| IUD | : | Intra Uterine Device |
| LAPM | : | Long Acting & Permanent Method |
| LD | : | Line Director |
| CCSD | : | Clinical Contraception Service Delivery |
| FP-FSD | : | Family Planning Field Services Delivery |
| HRM | : | Human Resource Management |
| IFM | : | Improved Financial Management |
| MCRAH | : | Maternal, Child, Reproductive & Adolescent Health |
| MIS | : | Management Information System |
| NSV | : | Non-Scalpel Vesectomy |
| PME-FP | : | Planning, Monitoring & Evaluation of Family Planning |
| TFR | : | Total Fertility Rate |
| VSC | : | Voluntary Surgical Contraceptive |

## সংযোজনী ২: কর্মস্পাদন ব্যবস্থপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মস্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ | [১.১.১] খাবারবড়ি সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.২] ভ্যাসেকটমী সেবাগ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.৩] টিউবেকটমীসেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.৪] আইইউটিসেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.৫] ইমপ্লাননসেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.৬] ইনজেকশনসেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| | [১.১.৭] কনডম সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | CAR, CPR |
| [১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের মাধ্যমে সেবা প্রদান ও উদ্বুদ্ধকরণ | [১.২.১] আয়োজিত স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| [২.১] মা, শিশু, প্রজনন ও বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা গর্ভকালীন সেবার সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| | [২.১.২] প্রাতিষ্ঠানিক ডেলীভারীর সংখ্যা (এমসিডব্লিউসি এবং ইউএন্ডএফডাব্লিউসি) | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| | [২.১.৩] বাড়িতে প্রসব পরবর্তী রক্তক্ষণর প্রতিরোধে ট্যাব, মিসোপ্রোষ্টল বড়ি গ্রহণকারী মায়ের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মস্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| | [২.১.৪] জন্মের ২৪ ঘন্টার মধ্যে বুকের দুধ খাওয়ানো নবজাতকের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| | [২.১.৫] ক্লোরোহেক্সিডিন ৭.১% ব্যবহারকারী নবজাতকের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| | [২.১.৬] রক্ত স্বপ্লতা প্রতিরোধে আয়রন-ফলিক এসিড গ্রহণকারী কিশোরীর সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| | [২.১.৭] কৈশোরবান্ধব স্বাস্থ্য সেবা কেন্দ্রের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |
| [২.৩] ভ্রাম্যমান চলচ্চিত্র ভ্যান এর মাধ্যমে কোভিড-১৯ সহ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সচেতনামূলক প্রচার কার্যক্রম | [২.২.১] কার্যক্রমের সংখ্যা | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | MIS প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মস্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | ভ্যাসেকটমী সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | স্বাস্থ্য সেবা বিভাগ | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পাদন, স্বাভাবিক প্রসব, সিজারিয়ান অপারেশন জন্য ওটি (OT) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | টিউবেকটমী সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | স্বাস্থ্য সেবা বিভাগ | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পাদন, স্বাভাবিক প্রসব, সিজারিয়ান অপারেশন জন্য ওটি (OT) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | আইইউডি সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | স্বাস্থ্য সেবা বিভাগ | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পাদন, স্বাভাবিক প্রসব, সিজারিয়ান অপারেশন জন্য ওটি (OT) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | ইমপ্লানন সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | স্বাস্থ্য সেবা বিভাগ | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পাদন, স্বাভাবিক প্রসব, সিজারিয়ান অপারেশন জন্য ওটি (OT) |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | খাবারবড়ি সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | ভ্যাসেকটমী সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |

| কার্যক্রম | কর্মস্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | টিউবেকটমী সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। অধিদপ্তর হতে প্রদান করা হয়। |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | আইইউডি সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | ইমপ্লানন সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | ইনজেকশন সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |
| পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিকরণ | কনডম সেবা গ্রহণকারী সক্ষম দম্পতি | বেসরকারী সংস্থা/ক্লিনিক | বেসরকারী ক্লিনিকসমূহ ও এনজিও এর মাধ্যমে বিভিন্ন পদ্ধতির সেবা প্রদান করা হয়। এসকল সেবা প্রদানের জন্য প্রযোজ্যক্ষেত্রে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, সেবা প্রদানের ফি, গ্রহীতা ফি পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদান করা হয়। |